গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৩ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৩০১-আইন/আয়কর/২০১৫ ।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ২২ এর বিধান অনুসারে ঘোষিত পার্কে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance এর section 2 এর clause (20) অনুসারে সংজ্ঞায়িত কোন–

(ক) কোম্পানী কর্তৃক ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ করিবার তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত উহার ঘোষিত লভ্যাংশের উপর,

(খ) কোম্পানী ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ করিবার পর হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত উক্ত কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর, এবং

(গ) কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ করিবার পর হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত প্রদেয় Royalties, Technical know-how and Technical assistance fees এর উপর প্রদেয় আয়কর হইতে ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) এতদদ্বারা অব্যাহতি প্রদান করিল:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ অব্যাহতি প্রদানের ক্ষেত্রে উক্ত কোম্পানীকে–

(ক) টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রির্টান সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

ব্যাখ্যা: এই প্রজ্ঞাপনে "ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ" বলিতে পার্কে কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ নজিবুর রহমান
সচিব ।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner